

# ভিত্তি পত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

রাজশাহী বিশ্ববিদ্যালয়  
একাডেমিক কাউন্সিল

রাজধানীর পূর্বাঞ্চলে  
সরকারী কলেজ চাই

সম্মিমে

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ৫টি কলেজের পরীক্ষার ব্যাপক গণটোকাটি কি, শিক্ষকদের দুর্নীতি এবং আইন-শৃংখলার অবনতির কারণে ১৯৮৬ সালের ডিগ্রী (পাস-সাবসিজারী) পরীক্ষা বাতিল করার সাথে তিন হাজারেরও বেশী পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

যে সব পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা বাতিল করা হয়েছে সেগুলো হচ্ছে মেহেরপুর কলেজ, আবদুলপুর কলেজ, ভোমার কলেজ, নওগাঁ সরকারী কলেজ ও আদিনা ফজলুল হক কলেজ। উল্লেখ্য, ১৯৮৪-৮৫ সেসনের পরীক্ষার তারিখ পর পর ৪ বার পরিবর্তনের পর শেষে গত ২৯শে মার্চ '৮৭ তারিখে শুরু হয় এবং ২৮শে এপ্রিল '৮৭ তারিখে শুধু সব বিভাগের লিখিত পরীক্ষাওলা শেষ হয়।

আমর বক্তব্য হলো, ওটিকয়েক অসৎ ছাত্রের জন্য সবার পরীক্ষা বাতিল করা অন্যায়। তারা যদি অসৎ ছাত্রদেরকে চিহ্নিত করেই থাকেন তাহলে শুধু তাদের পরীক্ষাই বাতিল করা যেতে পারে। বিশেষ করে নওগাঁ কলেজ কেন্দ্রের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার দায়িত্ব প্রণাসন বিভাগের ওপর ন্যস্ত ছিল।

সুতরাং আইন-শৃংখলার অবনতি হয়ে থাকলে সে জন্য প্রণাসনের কর্মকর্তারা দায়ী। তাই অবিলম্বে একাডেমিক কাউন্সিলের এই সিদ্ধান্ত বাতিল করার জন্য আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুরোধ করছি।

মোঃ সাহাবুল আলম তালুকদার (লিটন) কালাইমুড়ি, আদমদীঘি, বগুড়া।

কমলাপুর, মতিঝিল, মুগদা, শাহজাহানপুর, বাগাবো, রাজারবাগ, মাদারটেক ও গোড়ান ইত্যাদি এলাকাগুলো রাজধানী শহরের পূর্ব ও পূর্ব-উত্তর দিকে এক বিরাট এলাকা তথা বিপুলসংখ্যক শহরবাসীর অধিবাস এখানে। এতদঞ্চলের বিপুল সংখ্যক ছেলেনেয়ে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে। এই বিশাল এলাকাটিতে দু'তিনটি সরকারী স্কুল থাকলেও একটিও সরকারী কলেজের অস্তিত্ব নেই। ফলে কলেজ পড়ুয়া ছাত্র ছাত্রীদেরকে শহরের সুন্দর দক্ষিণে অথবা পশ্চিমাঞ্চলে ছুটাছুটি করতে হয়। আর বর্তমান অবস্থায় অনুন্নত যানবহন ব্যবস্থার কারণে ছেলেদের যতটা না মেয়ে শিক্ষার্থীদের জন্য তার শতগুণ অসুবিধা সহ্য করতে হচ্ছে। মতিঝিলের নিশানারী নটরডেম কলেজটিতে মেয়েদের জন্য কোন স্থান না থাকায় কলেজ ছাত্রীদের পড়াশুনা করতে হলে শহরের পশ্চিম দিকে প্রাত্যহিক পাড়ি জমানো ছাড়া অন্য কোন উপায়ই নেই।

আমরা জানি না, এই বিরাট অঞ্চলের ক্রমবর্ধমান বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীদের কলেজ পর্যায়ের শিক্ষার জন্য আজ পর্যন্ত সরকার এ এলাকায় একটিও কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নিলেন না কেন আর কেনইবা এ দীর্ঘ দিনের অনন্ত প্রয়োজনীয় বিষয়টির প্রতি উদ্যোগ সরকার ও শিক্ষাগুরুপালয়ের নজরে পড়েনি।

অতএব আমরা এ বিশাল অঞ্চলের বিপুল জনগণের পক্ষে সরকারের সুবোদ্ধ কর্তৃপক্ষের কাছে দাবী জানাই যতশিগগিরই সম্ভব এতদঞ্চলের বিপুলসংখ্যক ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষার পথ সুগম করার জন্য এলাকার যে কোন দু'টি সুবিধাজনক স্থানে দু'টি পূর্ণাঙ্গ সরকারী কলেজ (একটি ছেলেদের ও একটি মেয়েদের) স্থাপন করা হোক।

অত্র এলাকার জনগণের পক্ষে :  
এস, বি নকীব, বাগাবো, মোঃ লোকমান হোসেন, খিলগাঁও, মোঃ আবদুল সালিম, গোড়ান, মোঃ নূরুল ইসলাম, মুগদা।

১৩